



## ওয়াশিংটনের পাঁচ দফা প্রস্তাব প্রত্যাখ্যান তেহরানের



সংগৃহীত ছবি

মধ্যপ্রাচ্যের চলমান উত্তেজনা নিরসনে ইরানের প্রস্তাবের জবাবে কঠোর অবস্থান নিয়েছে যুক্তরাষ্ট্র। তেহরানকে কোনো অর্থনৈতিক বা সামরিক ছাড় না দিয়ে পাঁচ দফা শর্ত দিয়েছে ওয়াশিংটন বলে জানিয়েছে আন্তর্জাতিক গণমাধ্যম।

ইরানের সংবাদমাধ্যমগুলোর দাবি, যুক্তরাষ্ট্র চায় ইরান শুধু একটি পারমাণবিক কেন্দ্র চালু রাখবে এবং সমৃদ্ধ ইউরেনিয়াম হস্তান্তর করবে। একই সঙ্গে জঙ্গ থাকা ইরানি সম্পদ ছাড় ও যুদ্ধক্ষতির ক্ষতিপূরণ দিতেও অস্বীকৃতি জানিয়েছে ট্রাম্প প্রশাসন।

এদিকে উত্তেজনার মধ্যেই সংযুক্ত আরব আমিরাতের বারাকাহ পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে ড্রোন হামলার ঘটনা ঘটেছে। এতে একটি জেনারেটরে আগুন লাগলেও হতাহতের খবর পাওয়া যায়নি।

অন্যদিকে ইরান বলেছে, স্থায়ী শান্তির জন্য মধ্যপ্রাচ্যে সব যুদ্ধ বন্ধ, নৌ অবরোধ প্রত্যাহার এবং নিষেধাজ্ঞা তুলে নিতে হবে। হরমুজ প্রণালীর নিয়ন্ত্রণও নিজেদের হাতেই রাখার কথা জানিয়েছে তেহরান।

পরিস্থিতি আরও জটিল হয়ে উঠেছে যুক্তরাষ্ট্র ও ইরানের পাল্টাপাল্টি হুমকিতে। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দ্রুত সমঝোতা না হলে কঠোর পরিণতির সতর্কবার্তা দিয়েছেন। জবাবে ইরানের সামরিক বাহিনীও কঠিন প্রতিক্রিয়ার হুঁশিয়ারি দিয়েছে।

এর মধ্যেই দুই পক্ষকে আলোচনায় রাখতে মধ্যস্থতার চেষ্টা চালিয়ে যাচ্ছে পাকিস্তান। দেশটির প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ আশা প্রকাশ করেছেন, নতুন সংলাপ মধ্যপ্রাচ্যে স্থায়ী শান্তির পথ খুলে দিতে পারে।